

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
রায়পুর, লক্ষ্মীপুর
bbs.raipur.lakshmipur.gov.bd

স্মারক নং- ৫২.০১.৫১৫৮.০০০.১১.০০১.১৪-১১৮

তারিখ: ০৬/০২/২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র রায়পুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।(সরকারী/বেসরকারী চাকরীতে নিয়োজিত ব্যক্তিদের আবেদন করার প্রয়োজন নেই)।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি(টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|--------|---------------------|--|--|
| ০১) | সুপারভাইজার | প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮৫০০/- (ভ্যাট সহ, মোট) | ১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২০-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী | প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন। পারিতোষিক: ৮০০০/- (ভ্যাট সহ, মোট) | ১) ন্যূনতম এইচএসসি/সমমানেরপাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। |

বি:দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয় হতে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.raipur.lakshmipur.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- লিঙ্গিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন। এছাড়াও প্রার্থীর ইংরেজী হাতের লেখে সুন্দর ও স্পষ্ট হতে হবে।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে (কমপক্ষে ৫০%) অগ্রাধিকার প্রদান করা হবে।
- শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অনাকোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- সকল পদের আবেদন ফরম বদ্ধ খামের উপর ডান পাশে পদের নাম, ইউনিয়ন ও মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ২০/০১/২০২০খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিক সনদ, এনআইডি/জন্ম সনদের ফটোকপি এবং ৩ কপি পার্সপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। এবং নির্বাচনী পরীক্ষার সময় সকল সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- বিবিএস এর পূর্ববর্তী শুমারিতে সফলতার সহিত দায়িত্ব পালন করেছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- গণনাকারী ও সুপারভাইজারগণ এ পকল্পের আওতায় ২০২০ সালের ফেব্রুয়ারী মাসে খানা তালিকা প্রণয়ন কার্যক্রমসহ ২০২০ সালের এপ্রিল-মে মাসে প্রথম জোনাল অপারেশন, অক্টোবর মাসে দ্বিতীয় জোনাল অপারেশন এবং ২০২১ সালের জানুয়ারী মাসে মূল শুমারিসহ জুন-আগস্ট মাসে নমুনা শুমারি কার্যক্রমে দায়িত্ব পালন করবেন। লিঙ্গিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী)খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- খানা তালিকা প্রণয়ন, ১ম ও ২য় জোনাল অপারেশন এবং নমুনা শুমারি কার্যক্রমে মূল শুমারির তুলনায় প্রায় এক-তৃতীয়াংশ বা এর কম সংখ্যক শুমারিকর্মী প্রয়োজন হবে বিধায় উক্ত কার্যক্রমে (খানা তালিকা প্রণয়ন, ১ম ও ২য় জোনাল অপারেশন এবং নমুনা শুমারি) বাছাই প্রক্রিয়ার মাধ্যমে বিবেচিত অধিকতর যোগ্যতাসম্পন্ন এবং শুমারি কাজে পূর্বের অভিজ্ঞতা রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- প্রতিটি কার্যক্রমে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা পরবর্তী কার্যক্রমে যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- প্রতিটি কার্যক্রমে সমান সংখ্যক গণনাকারী ও সুপারভাইজার প্রয়োজন হবে না বিধায় প্রতিটি কার্যক্রম এর পূর্বে উক্ত কার্যক্রমের জন্য নির্বাচিত অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে (bbs.raipur.lakshmipur.gov.bd) প্রকাশ করা হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীরা যে যেই ইউনিয়ন ও মৌজার বাসিন্দা তিনি সেই ইউনিয়ন ও মৌজায় নিয়োগপ্রাপ্ত হবেন। উল্লেখ্য যে, যে ইউনিয়ন ও মৌজায় যত লোক প্রয়োজন সে ইউনিয়ন ও মৌজা থেকে তত জন লোক নিয়োগ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



সাবরীন চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
রায়পুর, লক্ষ্মীপুর

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি